

মেঘের 'পরে মেঘ জমেছে, আঁধার করে আসে ।
আমায় কেন বসিয়ে রাখ একা দ্বারের পাশে ।
কাজের দিনে নানা কাজে থাকি নানা লোকের মাঝে,
আজ আমি যে বসে আছি তোমারি আশ্বাসে ॥
তুমি যদি না দেখা দাও, কর আমায় হেলা,
কেমন করে কাটে আমার এমন বাদল-বেলা ।
দূরের পানে মেলে আঁখি কেবল আমি চেয়ে থাকি,
পরান আমার কেঁদে বেড়ায় দুরন্ত বাতাসে ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Tritaal/Ektaal, Raag: Mishra Sahana
Visit www.geetabitan.com for notation and other detail